

আজকের ফরিয়াদ

AJKER FARIAD, Agartala, ৬ আশ্বিন, ১৪২৬, মঙ্গলবার • 24 September, Tuesday, 2019 •

রাজ্যের অরিজিৎ ছুঁয়ে দিল বিশ্ব মানচিত্র



স্টাফ রিপোর্টার, ২৩ সেপ্টেম্বর : রাজ্যের উচ্চ শিক্ষাঙ্গণে ডঃ অরিজিৎ দাসের নামটি এখন আর অপরিচিত তো নয়ই, বরং রাজ্যের মুখ উজ্জ্বলকারীদের মধ্যে অন্যতম হিসেবে ইতিমধ্যেই এই তরুণ অধ্যাপক ব্যাপক চর্চিত হয়ে উঠেছেন। রসায়ন চর্চা আর

গবেষণায় আরাজতের নাম এখন রাজ্যের গন্ডি ছাড়িয়ে পৌঁছে গেছে আন্তর্জাতিক সীমানায়। রাজ্যের এই তরুণ অধ্যাপক ইতিমধ্যেই রসায়ন শাস্ত্রে তাঁর জ্ঞান ও প্রজ্ঞা দিয়ে তাঁর ছাত্রছাত্রীদের অভিভূত করেছেন। গবেষণায় তার প্রজ্ঞা স্বীকৃতি পেয়েছে জাতীয় স্তরে। রসায়নের মত কঠিন বিষয়কে সহজবোধ্যতায় উপস্থাপিত করে আন্তর্জাতিক স্তরে ডাঃ অরিজিৎ দাস এখন বহু আলোচিত একটি নাম। বলতে গেলে, অরিজিৎ বাবুর গোটা জীবন ব্যয়িত হয়েছে দুরূহ রসায়নকে সহজতর করে পরিবেশনার আরাধনায়। আর এর স্বীকৃতি হিসেবেই এবার মর্যাদাপূর্ণ ক্যামব্রিজের গবেষকরা ডাঃ অরিজিৎ দাসের লেখা একটি বই প্রকাশ করেছেন। যার নাম হচ্ছে 'Innovative Mnemonics in Teaching Methods of Chemistry: A Handbook for Classroom Lectures'।

সম্প্রতি এই বইটি অনলাইনে প্রকাশিত হয়েছে (Link: <https://www.cambridgescholars.com/innovaytive-mnemonic-chemical-education>)। আগামী ১লা নভেম্বর, ২০১৯ এই বইটির হার্ডকপি প্রকাশিত হবে। পাশাপাশি ডঃ দাসের লেখা এই বইটি ইতিমধ্যেই লন্ডনের বৃহত্তম গ্রন্থাগার 'ব্রিটিশ গ্রন্থাগারে' সূচিত হয়েছে। ডঃ দাস জানান, বিজ্ঞানের পড়ুয়াদের স্বার্থে কঠিন রসায়নকে সহজবোধ্য করে তোলার জন্য এবং খুব কম সময়ে রসায়নের বিভিন্ন সমস্যা সমাধানের জন্যই তাঁর এই নিরলস প্রয়াস। ডঃ অরিজিৎ দাসের এই সাফল্যে রাজ্যের উচ্চশিক্ষা দফতরের অধিকর্তা, ভিয়েতনামের Vinh University এর Teaching Methods of Chemistry বিভাগের প্রধান অধ্যাপক Cao Cu Giac, মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক সংস্থা minerazzi.com এর প্রশাসক Dr. Edel Garcia,

আইআইটি খড়গপুরের রসায়ন বিভাগের অধ্যাপক পিকে চ্যাটার্জি, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক নীলাশিষ নন্দী, শিলং এর নেছ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রাক্তন প্রধান অধ্যাপক আর এ লাল এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপক তথা রসায়নের বিখ্যাত স্কলার অধ্যাপক ডঃ জি এন মুখার্জি শুভেচ্ছা অভিনন্দন জানিয়েছেন। উল্লেখ্য, মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক রাসায়নিক শিক্ষা সম্পর্কিত জার্নাল 'World Journal of Chemical Education' এ ডঃ দাসের রসায়ন বিদ্যার ১৯টি সহজ শিক্ষাদান পদ্ধতি সহ ৩৯টি আধুনিক ফর্মুলার সংযোজন রয়েছে। তাছাড়া বুক চাপ্টারে ডঃ দাসের ৪টি বন্ধন ক্রমের জন্য এবং ৩টি চুম্বকীয় ধর্মের জন্য মোট ৭টি ফর্মুলা প্রকাশিত হয়েছিল। পাশাপাশি ডঃ দাস বিশ্বের ৮৬টি দেশকে হারিয়ে দেশের নাম উজ্জ্বল করে ক্যামিকেল এডুকেশন (উদ্ভাবনী স্মৃতিবর্ধন বিদ্যা) বিশ্ব চ্যাম্পিয়নশিপ-২০১৮ জয়লাভ করেছিলেন। মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক সংস্থা International Agency for Standards and

—দুইয়ের পৃষ্ঠায়

রাজ্যের অরিজিৎ ছুঁয়ে দিল বিশ্ব মানচিত্র

—আটের পৃষ্ঠার পর Ratings ডঃ অরিজিৎ দাসকে 'ফাদার অব মর্ডান ক্যামিকলে এডুকেশন (উদ্ভাবনী স্মৃতিবর্ধনবিদ্যা)' এর উপাধিও দিয়েছে। গত 19 April 2019 'wikipedia' থেকে ডঃ অরিজিৎ দাসের জীবনী অনলাইনে প্রকাশিত হয়েছে ইউকে এর 'ওইক বোয়োস'। (Link: https://wn.everybodywiki.com/arijit_Das#Career) শুধু তাই নয়, ছাত্রছাত্রীদের বিনামূল্যে শিক্ষা দানের স্বপ্ন নিয়ে ডাঃ দা www.arijitchemistryworld.com নামে এক ওয়েবসাইটের সূচনা করেছিলেন। ডাঃ দাসের নিরলস প্রচেষ্টার এরকম অসংখ্য উদাহরণ দিয়েছে।